

## রৌমারী সীমান্ত এলাকার বাসিন্দারা সন্ধ্যার আগেই চলিয়া যান নিরাপদ আশ্রয়ে

রৌমারী হইতে আমিনুল ইসলাম চৌধুরী ॥ কুড়িগ্রামের বড়াইবাড়ি সীমান্তে বিডিআর-বিএসএফ-এর মধ্যে সংঘর্ষে নিহত আরও একজন বিএসএফ'র লাশ গতকাল রবিবার হস্তান্তর করা হইয়াছে। একই সময় সংঘর্ষে আহত দুই বিএসএফ সিপাহীকেও বিএসএফ কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করা হয়। গতকাল রবিবার বিকালে জামালপুরের কামালপুর ও ভারতের মহেন্দ্রগঞ্জ সীমান্তের নোম্যান্স ল্যান্ডে আহত ও নিহত বিএসএফ'র সদস্যদের হস্তান্তর করা হইয়াছে। বিকাল পৌনে পাঁচটায় নোম্যান্স ল্যান্ডে বিডিআর ৮নং সেক্টর কমান্ডার কর্নেল সাদেকুল ইসলাম ভারতীয় বিএসএফ কমান্ডেন্ট লেঃ কর্নেল সুশীল কুমার যোশীর নিকট আহতদের ও নিহত একজনের লাশের কফিন হস্তান্তর করেন। বিএসএফ'র ক্যাপ্টেন ডাঃ কিউ এ রিজভী লাশ পরীক্ষা-নিরীক্ষা করেন। এই সময় ভারত সীমান্তে কাঁটাতারের বেড়ার বাহিরে হাজার হাজার ভারতীয় নাগরিক লাশ ও আহতদের

গ্রহণ অনুষ্ঠান প্রত্যক্ষ করে। বিএসএফ'র কফিন সীমান্ত অতিক্রম করিয়া ভারতে ঢুকিলে ভারতীয় নাগরিকদের বাংলাদেশ বিরোধী শ্লোগান দিতে দেখা গিয়াছে। সীমান্তের বাংলাদেশের জনগণ গতকাল রবিবার ঘর-বাড়ীতে ফিরে নাই। আগের মতই দিনে লোকজন কিছু সময় অবস্থান করিয়া সন্ধ্যার আগেই ঘর-বাড়ী ছাড়িয়া নিরাপদ দূরত্বে আশ্রয় গ্রহণ করিতেছে।

এদিকে, সীমান্তে বিএসএফ'র অতিরিক্ত সেনা নিয়োগে কুড়িগ্রামসহ উত্তর সীমান্তে বিডিআরকে রেড এলাটে রাখা হইয়াছে। উত্তর সীমান্তের দিনাজপুর, পঞ্চগড়, জয়পুরহাট, লালমনিরহাট, নীলফামারী জেলার সীমান্ত এলাকায় বিএসএফ শক্তি বৃদ্ধি করিয়াছে বলিয়া খবর পাওয়া গিয়াছে। এইসব সীমান্ত ফাঁড়িতে বিএসএফ ভারী অস্ত্রশস্ত্র আনিয়াছে। সীমান্ত এলাকা কুড়িগ্রাম, পঞ্চগড়, লালমনিরহাট, নীলফামারীতে ভারতীয় সেনাবাহিনীও মোতায়েনের খবর পাওয়া গিয়াছে।

কুড়িগ্রামের বড়াইবাড়ি, জামালপুরের কামালপুর ও শেরপুরের, ঝিনাইগাতি সীমান্ত অঞ্চলের জনগণ জানাইয়াছে, সীমান্ত-ঘেঁষা সড়কে গত দুইদিন যাবৎ ভারতীয় সেনাবাহিনীর টহল চলিতেছে। গত শনিবার ও গতকাল রবিবার কুড়িগ্রাম সীমান্তে বিডিআর ও বিএসএফের মধ্যে সংঘর্ষে নিহত ১৫ জন বিএসএফ সদস্যের লাশ হস্তান্তর করা হইল। সীমান্তের ওপার হইতে প্রাপ্ত খবরে জানা যায়, লাশ হস্তান্তরের পর বিএসএফের সদস্যরা উত্তেজিত হইয়া উঠে। অফিসাররা তাহাদের উত্তেজনা প্রশমনের জন্য হিমশিম খায়। তবে গত শুক্রবার ফ্লাগ মিটিং-এর পর সীমান্তে কোন প্রকার অপ্রীতিকর ঘটনা ঘটে নাই। বিডিআর সূত্রে জানা যায়, সীমান্ত পরিস্থিতি এখন সম্পূর্ণ শান্ত।

গতকাল রবিবার জামালপুরের কামালপুর সীমান্তে আহত দুই বিএসএফ সদস্য সিপাহী বিমল প্রসাদ ও অক্ষয় কুমার সম্পূর্ণ সুস্থ। কামালপুর সীমান্তে তাহাদের দুইজনের পরনে ছিল বিডিআরের দেওয়া নূতন প্যান্ট শার্ট। তাহারা পায়ে হাঁটিয়া বিএসএফের এ্যাম্বুলেন্সে আরোহণ করেন। তাহারা বলেন, যাহা বলার বিডিআরকে বলিয়াছি। সিভিলিয়ানদের নিকট কথা বলিব না। ময়মনসিংহ (দক্ষিণ) হইতে সংবাদদাতা জানান, গতকাল রবিবার সকালে ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতাল মর্গে কুড়িগ্রাম সীমান্তে নিহত আরো একজন ভারতীয় সীমান্তরক্ষী বাহিনীর সদস্যের লাশের ময়না তদন্ত অনুষ্ঠিত হয়। ফরেনসিক মেডিসিন বিভাগের প্রধান ডাঃ আনোয়ার হোসেন ও ডাঃ আবুল মুনসুর ময়না তদন্ত করেন। ময়না তদন্তকারী ডাঃ আবুল মুনসুর জানান, লাশের অনেক অংশেই পচন ধরিয়াছে। পচনের কারণে বিকৃত হইয়া গিয়াছে। ফুলিয়া-ফাঁপিয়া লাশটি কালো হইয়া গিয়াছে। কয়েকদিনের প্রচণ্ড গরমে এমন হওয়া স্বাভাবিক। ময়না তদন্তকালে লাশে কোন নির্যাতনের চিহ্ন পাওয়া যায় নাই। তিনি বলেন, উক্ত বিএসএফ সদস্য পেটে ও পিঠের পাশে মর্টারের শেল জাতীয় যেকোন স্পিন্টারের আঘাতে নিহত হইয়াছে। এইদিকে ভারতীয় কর্তৃপক্ষের বিএসএফ সদস্যদেরকে নির্যাতন ও মারধর করিয়া হত্যা করা হইয়াছে অভিযোগ সম্পর্কে ডাঃ আবুল মুনসুর বলেন, অভিযোগটি সঠিক নয়। ভারতের ফরেনসিক বিশেষজ্ঞরা প্রত্যেকটি লাশের পুনঃময়না তদন্ত করিলে বিষয়টি পরিষ্কার হইয়া যাইবে। ইহাতে দুই দেশের মধ্যে যে ভুল বুঝাবুঝি সৃষ্টি হইয়াছে তাহাও দূর হইয়া যাইবে। কামালপুর সীমান্ত হইতে সুশীল মালাকার জানান, রৌমারী সীমান্ত সংঘর্ষের কারণে ধানুয়া কামালপুর স্থল বন্দর দিয়া গত ১৮ই এপ্রিল হইতে কয়লা আমদানী বন্ধ রহিয়াছে। ফলে টনপ্রতি ২৮ শত টাকার স্থলে বর্তমানে সাড়ে ৩ হাজার টাকা মূল্যে কয়লা বিক্রয় হইতেছে। ইহাছাড়া ঐ সীমান্ত এলাকার ১০/১২টি গ্রামের লোকজন এখন বাড়ীঘরে ফিরিয়া আসে নাই। ধানুয়া কামালপুর স্থল বন্দরের গুচ্ছ বিভাগ জানায়, আমদানী বন্ধ হওয়ার ফলে সরকার প্রতিদিন ২ লক্ষ টাকার রাজস্ব আয় হইতে বঞ্চিত হইতেছে।

### হরতাল বিরোধী মিছিল-সমাবেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ হরতাল ও নৈরাজ্যের বিরুদ্ধে আজ সোমবার বেলা ১১টায় ফুলবাড়িয়া বাস টার্মিনালের সড়ক পরিবহন শ্রমিকদের উদ্যোগে হরতাল বিরোধী মিছিল এবং পরে মুক্তাগঞ্জে প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হইবে। স্বরাষ্ট্র, ডাক ও টেলিযোগাযোগমন্ত্রী মোহাম্মদ নাসিম প্রধান অতিথি থাকিবেন।

গতকাল রবিবার বাংলাদেশ অটো রিকশা শ্রমিক লীগের কেন্দ্রীয় কমিটি ও বিভিন্ন ষ্ট্যান্ড কমিটির যৌথ প্রতিনিধি সভায় আজ হইতে বিরোধী দল আহূত ৭২ ঘন্টার হরতাল প্রত্যাখ্যান করিয়া অটো রিকশা, টেম্পো চালু রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ২৩, বঙ্গবন্ধু এভিনিউস্থ কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত উক্ত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি গুজুর আহম্মেদ। বাংলাদেশ ট্রাক চালক শ্রমিক ফেডারেশনের সভাপতি আনোয়ার হোসেন ও সাধারণ সম্পাদক রায় রমেশ চন্দ্র গতকাল এক বিবৃতিতে ঘন ঘন অযৌক্তিক হরতাল আহবান, হরতালের নামে সন্ত্রাস, বোমাবাজির মাধ্যমে ট্রাক শ্রমিকসহ পরিবহন শ্রমিকদের হত্যা ও নির্যাতন-নিপীড়ন চালানোর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। বিবৃতিতে নেতৃত্ব সংঘাতের পথ পরিহার করিয়া সংলাপের মাধ্যমে রাজনৈতিক সমস্যার সমাধানে গঠনমূলক ও দায়িত্বশীল ভূমিকা পালনের জন্য জাতীয় নেতৃবৃন্দের প্রতি অনুরোধ জানান।

### ১৬ জন আইনজীবীর বিরুদ্ধে মামলার কার্যক্রম স্থগিত

সুপ্রীম কোর্ট রিপোর্টার ॥ গতকাল রবিবার সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ জননিরাপত্তা আইনে সুপ্রীম কোর্টের ১৬ জন আইনজীবীর বিরুদ্ধে দায়েরকৃত মামলার কার্যক্রম রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থগিত রাখিবার নির্দেশ দিয়াছেন। বর্তমানে মামলাটি ঢাকার জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন বিশেষ ট্রাইবুনালে বিচারাধীন আছে। উক্ত ১৬ জন অভিযুক্ত আইনজীবীর মধ্যে আছেন খন্দকার মাহবুবউদ্দিন আহমদ, ব্যারিস্টার নাজমুল হুদা, আবদুর রব চৌধুরী, জয়নুল আবেদীন, ব্যারিস্টার মাহবুবউদ্দিন খোকন, গোলাম কিবরিয়া, এসএম ইমদাদুল হক, গোলাম মোহাম্মদ চৌধুরী আলাল প্রমুখ।

গতকাল খন্দকার মাহবুবউদ্দিন আহমদ ও ব্যারিস্টার নাজমুল হুদাসহ ১৬ জন আইনজীবী জননিরাপত্তা ট্রাইবুনালে বিচারাধীন মামলার সকল কার্যক্রম স্থগিত রাখিবার প্রার্থনা করিয়া একটি আবেদনপত্র পেশ করেন। বিচরাপতি এম,এ, আজিজ ও বিচরাপতি মোহাম্মদ শামসুল হুদাকে লইয়া গঠিত ডিভিশন বেঞ্চ শুনানিশেষে উক্ত আদেশ দান করেন। সেইসঙ্গে আদালত আগামী ৯ই মে রুলের শুনানির দিন ধার্য করেন। আবেদনকারীদের পক্ষে ছিলেন খন্দকার মাহবুবউদ্দিন আহমদ ও ব্যারিস্টার মওদুদ আহমদ। সরকারের পক্ষে ছিলেন সহকারী এটর্নি জেনারেল ওবায়দুল হাসান শাহীন।

কোর্ট রিপোর্টার ॥ জননিরাপত্তা আইনে অভিযুক্ত ১৬ জন আইনজীবী ও বিএনপি নেতা এম, মোশের্দ খান গতকাল জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন বিশেষ আদালতে উপস্থিত ছিলেন না। তাহাদের পক্ষে সময়ের আবেদন করা হইয়াছে। গতকাল রবিবার ঢাকার এক নম্বর জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন বিশেষ আদালতে এই মামলার চার্জ শুনানির জন্য অভিযুক্তদের হাজির থাকার দিন ধার্য ছিল। কিন্তু হাইকোর্টে চার্জ শুনানি স্থগিতের জন্য রীট পিটিশন দায়ের করায় গতকাল চার্জ শুনানি হয় নাই। অভিযুক্তদের পক্ষে সময়ের আবেদন করা হইলে বিচারক উহা মঞ্জুর করেন এবং আগামী ৩০শে এপ্রিল চার্জ শুনানির জন্য পরবর্তী দিন ধার্য করেন।

নকলে সহায়তা করার অভিযোগ

### নীলফামারীতে ১৭ জন স্কুল শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ

নীলফামারী সংবাদদাতা ॥ চলতি বৎসরে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় নকলে সহায়তা করার অভিযোগে জেলার ৪টি উপজেলায় ১৭ জন শিক্ষকের বিরুদ্ধে কার্যকরী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হইয়াছে।

গত এসএসসি পরীক্ষায় পরীক্ষার্থীদের নকল করিতে সহায়তা করার অভিযোগে সদর উপজেলার ৭ জন, ডোমার উপজেলায় ২ জন, ডিমলায় ৩ জন ও কিশোরগঞ্জে ৫ জন শিক্ষকের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হইয়াছে। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও কেন্দ্র সচিবগণ জেলা প্রশাসকের মাধ্যমে নামের তালিকা ইতিমধ্যে শিক্ষা মন্ত্রণালয় ও শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করিয়াছে বলিয়া জানা গিয়াছে। এসএসসি ও দাখিল পরীক্ষা চলাকালে জেলার ৬টি উপজেলার বিভিন্ন পরীক্ষা কেন্দ্র হইতে প্রায় ৬০ জন শিক্ষককে বহিষ্কার করা হয়। তবে সংশ্লিষ্ট কেন্দ্র সচিবগণ তাৎক্ষণিকভাবে নামের তালিকা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে প্রেরণ না করিয়া এখন বহিষ্কৃত শিক্ষকদের মধ্যে ১৭ জনের তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিয়াছে বলিয়া জানা গিয়াছে।

### বিরোধী দল হত্যার রাজনীতি করিতেছে ..... সেনগুপ্ত

হবিগঞ্জ সংবাদদাতা ॥ প্রধানমন্ত্রীর সংসদ বিষয়ক উপদেষ্টা সুরঞ্জিত সেনগুপ্ত এমপি বলিয়াছেন, বিরোধী দল হত্যার রাজনীতি করিতেছে। আন্দোলন করিয়া আওয়ামী লীগকে ক্ষমতা হইতে হটানো যাইবে না। ধর্মের নামে মিথ্যার রাজনীতি চলে না। প্রতারকদের সহিত কেহই থাকিবে না। ইতিমধ্যে ৪ দলীয় জোট ভাঙ্গিয়া গিয়াছে।

তিনি গতকাল রবিবার বানিয়াচং উপজেলা সদরে গানিংগঞ্জ বাজার সংলগ্ন মাঠে এক জনসভায় বলেন, স্বাধীনতার পরাজিত শত্রুরা আওয়ামী লীগের বিরুদ্ধে অপপ্রচার করিতেছে। আওয়ামী লীগ ক্ষমতায় আসার পর মসজিদে উলুধ্বনি হয় নাই, মাদ্রাসাও বন্ধ হয় নাই। উপজেলা আওয়ামী লীগ সভাপতি মোহাম্মদ আমির হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত জনসভায় বক্তৃতা করেন ডাঃ মুশফিক হোসেন চৌধুরী, এডভোকেট মোঃ আবু জাহির, এডভোকেট এম,এ, মজিদ খান, সজীব আলী, ইকবাল হোসেন খান প্রমুখ।